ইত্তেফাক

তারিখ ২২।৩।৮১ ...
পৃষ্ঠা ... কলাম ...

457

# আজ সারাদেশে এস এস সি পরীক্ষা শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

আজ (বৃহস্পতিবার) হইতে সারাদেশে চারিটি শিক্ষাবোর্ডের অধীনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (১৯৮১) শুরু হইতেছে।

ঢাকা, কুমিল্লা, রাজশাহী ও যশোর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে মোট পরীক্ষার্থীর সংখ্যা সোয়া দুই লাখের উপরে। ইহার মধ্যে ঢাকা বোর্ডের ৭০ হাজার ১৪জন, যশোর বোর্ডের ৫৩ হাজার ৮শত ৪জন, কুমিল্লা বোর্ডের ৫৯ হাজার ৪ শত ৫৩ জন।

কর্তৃপক্ষের তথ্যানুযায়ী ঢাকা বোর্ডের ১শত ৩টি পরীক্ষা কেন্দ্রে ৫২ হাজার ২৭ জন পুরুষ ও ১৭ হাজার ৯শত ৮৭ জন মহিলা পরীক্ষার্থী তালিকাভুক্ত রহিয়াছেন।

ঢাকা মহানগরীতে ৩৪টি উপকেন্দ্রে ১২ হাজার ২ শত

(৮ম পৃঃ ৪এর কঃ দ্রঃ )

## এস এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

৬৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৭ হাজার ১ শত ৫১ জন পুরুষ এবং ৫ হাজার ৯ শত ১৬ জন মহিলা। মহানগরীতে কলা শাখার চাইতে বিজ্ঞান শাখার পরীক্ষার্থী বেশী (কলা ৫ হাজার ৫৬ জন, বিজ্ঞান ৫ হাজার ৩ শত ২৬)।

১৯৮০ সনে ঢাকা বোর্ডের ১ শত ৪টি কেন্দ্রে মোট ৬৩ হাজার ৯ শত ১৫ জন পরীক্ষার্থী অংশ গ্রহণ করিয়াছিল। এবছর কুয়েত এবং দোহায় ঢাকা বোর্ডের দুইটি বৈদেশিক পরীক্ষা কেন্দ্রেও মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

যশোর হইতে ইত্তেফাক-এর নিজস্ব সংবাদদাতা জানান যে, যশোর বোর্ডের ১ শত ১টি কেন্দ্রে তালিকাভুক্ত পরীক্ষার্থীর সংখ্যা ৫৩ হাজার ৮ শত ৪ জন।

ঢাকা বোর্ডের পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এলাকাধীন প্রত্যেক জেলা প্রশাসককে আহ্বায়ক করিয়া পাঁচ সদস্য বিশিষ্ট জেলা ভিজিলেন্স কমিটি গঠন করা হইয়াছে।

ঢাকা জেলা প্রশাসক মহানগরীর ৫টি জোনাল কেন্দ্রের আওতাভুক্ত উপকেন্দ্রসমূহের পরীক্ষা পরিদর্শনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসককে আহ্বায়ক করিয়া পাঁচ সদস্যবিশিষ্ট পাঁচটি ভিজিলেন্স কমিটি গঠন করিয়াছে।

খবর বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের প্রেস বিজ্ঞপ্তি মারফত প্রাপ্ত।